



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

‘উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ’(আইডিয়া) প্রকল্প
আইসিটি টাওয়ার, (লেভেল ১৪), প্লট: ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইট: www.idea.gov.bd

নম্বর: ৫৬.০১.০০০০.০২৪.৩২.৩৪৩.২৪- ৬৫৯

তারিখ: ২৮ নভেম্বর ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: স্টার্টআপদের জন্য প্রি-সীড পর্যায়ে ১০ লক্ষ টাকা অনুদানের আবেদনপত্র আহ্বান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের অধীনে পরিচালিত ‘উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ (আইডিয়া) প্রকল্প’ থেকে উদ্ভাবনী প্রযুক্তি ও ব্যবসা খারণা নিয়ে কাজ করা উদ্ভাবক বা স্টার্টআপদের জন্য প্রি-সীড পর্যায়ে ১০ লক্ষ টাকা পর্যন্ত অনুদান প্রদান করা হচ্ছে। আগ্রহীদের অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার জন্য আহ্বান জানানো হচ্ছে।

(১) নির্বাচিত স্টার্টআপগুলো অনুদানের পাশাপাশি পাবেন:

- ব্যবসায়িক পরামর্শ ও মেন্টরিং।
- প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নে সুযোগ।
- দেশি-বিদেশি বিনিয়োগকারী ও কর্পোরেট নেটওয়ার্কিং।
- আইডিয়া ল্যাব ব্যবহারের সুবিধা।
- কো-ওয়ার্কিং স্পেস ব্যবহারের সুযোগ।

(২) আবেদনের যোগ্যতা:

- আবেদনকারীকে একটি স্টার্টআপ বা উদ্যোক্তা হতে হবে।
- প্রস্তাবিত পণ্য বা পরিষেবা আইসিটি এর সাথে সম্পর্কিত হতে হবে।
- উদ্ভাবনী পণ্য বা পরিষেবা প্রোটোটাইপ স্তরে অথবা তার চেয়ে উন্নত হতে হবে।
- পরিষেবা বা পণ্যতে উদ্ভাবনী উপাদান থাকতে হবে।
- আবেদনকারীর একটি কার্যকর ব্যবসায়িক খারণা এবং বাস্তবায়নযোগ্য ব্যবসায়িক পরিকল্পনা থাকতে হবে।
- পণ্য বা পরিষেবাটি সামাজিক পরিবর্তন, অর্থনৈতিক উন্নতি এবং পরিবেশে ইতিবাচক প্রভাব ফেলবে।
- স্টার্টআপ বা উদ্যোগের একটি আইনগত বৈধতা থাকতে হবে।

(৩) আবেদনের পদ্ধতি:

আগ্রহী স্টার্টআপ উদ্যোক্তারা অনলাইনে আবেদন করতে পারবেন। বিস্তারিত তথ্য এবং অনুদানের জন্য আবেদন করতে ভিজিট করতে হবে আইডিয়া প্রকল্পের অফিসিয়াল ওয়েবসাইটে (www.idea.gov.bd)।

(৪) কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন এবং পরিবর্ধনের ক্ষমতা রাখে।

28/11/24
মোহাম্মদ নজরুল ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
আইডিয়া প্রকল্প